



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

“তৈরী পোশাক শিল্প রপ্তানিতে মোংলা বন্দরের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে”

মোংলা বন্দর প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে সমুদ্র বানিজ্যের ক্ষেত্রে দক্ষিণ-পশ্চিমাঞ্চল তথা দেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করছে। বানিজ্যিক জাহাজ আগমনে প্রতিবছর তৈরি হচ্ছে নতুন নতুন রেকর্ড। পদ্মাসেতু নির্মাণ কাজ সম্পন্ন হলে এ অঞ্চলের সাথে রাজধানীর যোগাযোগ সহজ ও আরও অধিকতর ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি হবে। এ বন্দরের মাধ্যমে সাম্প্রতিক সময়ে তৈরী পোশাক শিল্প আমদানি-রপ্তানির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ইতোমধ্যে বিশ্ব বিখ্যাত তৈরী পোশাক আমদানিকারক প্রতিষ্ঠান M/S H & M HENNES & MAUNITZ LOGISTIC, POLAND মোংলা বন্দরের মাধ্যমে তৈরী পোশাক আমদানিতে আগ্রহ জানিয়েছে। মোংলা বন্দরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে ভারুয়ালি একাধিকবার মিটিং শেষে আজ ৬টি বিল অফ এন্ড্রির বিপরীতে ১৫৮৫ প্যাকেজ=২০ মেঃটঃ তৈরী পোশাক ০২টি কন্টেইনারে স্টাফিং কার্যক্রম সম্পন্ন করে। উক্ত তৈরী পোশাকগুলি গাজিপুরের ০৪ টি প্রতিষ্ঠান যথাঃ মেসার্স ফ্লেমিং ফ্যাসন লিঃ, মেসার্স মেট্রিক্স সুয়েটার লিঃ, দিগন্ত সুয়েটার ও লিবাস টেক্সটাইল লিঃ হতে রপ্তানির উদ্দেশ্যে মোংলা বন্দরে আনা হয়। উক্ত কন্টেইনার দুটি পরবর্তী কন্টেইনারবাহী জাহাজে পোল্যান্ডের উদ্দেশ্যে বন্দর ত্যাগ করবে।

স্বাক্ষরিত/-
উপসচিব